গণপ্রজাতন্ত্রীবাংলাদেশ সরকার
কাস্টমহাউস, পানগাঁও, ঢাকা।
www.pch.gov.bd. Email: pangaoncustoms@nbr.gov.bd

নথি নং-[illegible]-২০(১১) লাইসেন্স/সার্ভেয়ার তালিকাভূক্তি/কাঃহাঃপাঃ/২০২৫/২২৬৭ তাং ১৬/০৭/২০২৬ খ্রিঃ

## সার্ভেয়ার তালিকাভূক্তির বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় রাজস্ব বোর্ডের ১৫/০৫/২০০৮ খ্রিঃ তারিখের সিদ্ধান্ত অনুযায়ী কাস্টমস হাউস, পানগাঁও, ঢাকা এর আওতাধীন ল্যান্ড কাস্টমস স্টেশন, নারায়ণগঞ্জ এবং এসএপিএল, মুক্তারপুর, মুন্সিগঞ্জে আগত Scarp Vessel ও বাল্ক কার্গোবাহী জাহাজের Load draft Survey and light draft survey সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে Surveyor Company কে নিম্নবর্ণিত শর্ত এবং দলিলাদির যথাযথতা প্রাপ্তি সাপেক্ষে তালিকাভূক্ত করা হবে:

**সার্ভেয়ার কোম্পানীর তালিকাভূক্তির যোগ্যতাঃ**

(ক) আবেদিত ফার্ম/কোম্পানীকে অবশ্যই Scarp Vessel ও বাল্ক কার্গোবাহী জাহাজের Load draft Survey and light draft survey বিষয়ে ৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতাসহ, অভিজ্ঞ এবং Registered সার্ভেয়ার থাকতে হবে।

(খ) আবেদিত ফার্ম/কোম্পানীতে কর্মরত সার্ভেয়ারদের অবশ্যই ডিজি শিপিং, বাংলাদেশ হতে নিবন্ধিত হালনাগাদ লাইসেন্স থাকতে হবে।

**সার্ভেয়ার কোম্পানীর তালিকাভূক্তির জন্য প্রয়োজনীয় দলিলাদিঃ**

(ক) হালনাগাদ ট্রেড লাইসেন্স এর কপি এবং লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে ইনকর্পোরেশন সার্টিফিকেটের কপি।
(খ) ভ্যাট নিবন্ধন সার্টিফিকেটের কপি।
(গ) হালনাগাদ আয়কর প্রত্যয়নপত্রের কপি।
(ঘ) ব্যাংকের সলভেন্সি সার্টিফিকেট।
(ঙ) অভিজ্ঞতা সনদপত্র।
(চ) সার্ভেয়ারদের জীবনবৃত্তান্ত এবং প্রতিষ্ঠানের সহিত সার্ভেয়ারগণের চুক্তিনামা/Letter of Appointment/অনুরূপ দলিলাদি।
(ছ) আবেদিত ফার্ম/কোম্পানীর সারা দেশের শাখাসমূহের তালিকা (ঠিকানা, ই-মেইল এবং মোবাইল নং সহ)
(জ) পূর্ব অভিজ্ঞতার সনদপত্র।

২। আগ্রহী Surveyor Company কে আগামী ২৩/০৭/২০২৬ খ্রিঃ তারিখ বিকাল ০৪ (চার) টার মধ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ (অভিজ্ঞতার প্রমানাদি ও পুর্ণাঙ্গ বর্ননাসহ) কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, পানগাঁও, ঢাকা বরাবর আবেদন করতে হবে।

৩। তালিকাভুক্ত ফার্ম বা কোম্পানীকে অত্র দপ্তরে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার পে-অর্ডার As Security money (ফেরতযোগ্য) জমা রাখতে হবে।

৪। মিথ্যা তথ্য, মিথ্যা সার্ভে প্রতিবেদন, দায়িত্বহীনতা, অদক্ষতা বা অন্য কোন অভিযোগ পাওয়া গেলে কাস্টমস কর্তৃপক্ষ সংশ্লিষ্ট সার্ভে কোম্পানি বা সার্ভেয়ার এর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণসহ তালিকাভুক্তকরণ বাতিল করার একক ক্ষমতা সংরক্ষণ করেন।

৫। কোন কারণে এ তালিকাভুক্তি কার্যক্রম বাতিল ঘোষিত হলে বা তালিকাভুক্তির জন্য মনোনীত/নির্বাচিত না হলে উক্ত কার্যক্রমে অংশ গ্রহণের জন্য সংশ্লিষ্ট Surveyor Company কোনরূপ ক্ষতিপূরণ দাবী করতে পারবেন না।

৬। উল্লেখ্য, সকল ক্ষেত্রে পিপিআর-২০০৮ অনুসরণ করা হবে।

**বিঃ দ্রঃ এ দপ্তর কর্তৃক পূর্বে তালিকাভুক্ত ফার্ম/কোম্পানী সমূহের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।**

স্বাঃ
(হাসনাইন মাহমুদ)
অ্যাডিশনাল কমিশনার অব কাস্টমস
কমিশনার অব কাস্টমসের পক্ষে

CamScanner